দ্বিতীয় ন্যূনতম খরচের সিলভার প্ল্যান টেবিল সম্পর্কে প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী (Second Lowest Cost Silver Plan, SLCSP)

এই প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী কেবল 1095-A প্রাপকের জন্য যারা আর্থিক সহায়তা ছাড়া স্বাস্থ্য প্ল্যানে নথিভুক্ত হয়েছেন এবং যাদেরকে মাসিক (Second Lowest Cost Silver Plan, SLCSP) টেবিলের ওপর নিজের SLCSP চিহ্নিত করতে হয়।

1. **আমি ফেব্রুয়ারি 2022-এ স্বাস্থ্য প্ল্যানে নথিভুক্ত হয়েছিলাম এবং আমি জুন 2022-এ বিবাহ করার পর আমার স্বাস্থ্য প্ল্যানে আমার স্বামী/স্ত্রীকে যোগ করেছিলাম। আমাদের মধ্যে কারোরই ন্যূনতম আবশ্যক কভারেজ নেই। আমাদের কভারেজ পরিবার প্রকার কি?**

   যদি আপনি বিবাহ করেন তাহলে আপনি আপনার প্ল্যানের মধ্যে যখন আপনার স্বামী-স্ত্রীকে যোগ করবেন সেই মাসেই আপনার কভারেজ পরিবার প্রকার পরিবর্তিত হয়ে যাবে। উদাহরণস্বরূপ, আপনি জুন 12 তারিখে বিবাহ করলে এবং জুলাই মাসে প্রারম্ভে আপনার স্বামী-স্ত্রীকে আপনার প্ল্যানে যোগ করলে আপনার নতুন কভারেজ পরিবার প্রকার জুলাই থেকে আরম্ভ হবে। ফেব্রুয়ারি, মার্চ, এপ্রিল, মে এবং জুন মাসের জন্য আপনার কভারেজ পরিবার প্রকার "ব্যক্তিগত" থাকবে। জুলাইয়ের আরম্ভ থেকে আপনার কভারেজ পরিবার প্রকার "দম্পতি" হয়ে যাবে।

   যদি আপনি অগাস্ট পর্যন্ত আপনার প্ল্যানে আপনার স্বামী/স্ত্রীকে যোগ না করেন তাহলে আপনার কভারেজ পরিবার প্রকার অগাস্ট পর্যন্ত পরিবর্তিত হবে না।

2. **আমার গার্হস্থ্য সঙ্গী (ডোমেস্টিক পার্টনার) এবং আমি একসঙ্গে ফেব্রুয়ারি মাসে কভারেজে নথিভুক্ত হয়েছি। আমরা জুলাই মাসে বিবাহ করেছি এবং একই স্বাস্থ্য প্ল্যানে নথিভুক্ত ছিলাম। আমাদের মধ্যে কারোরই ন্যূনতম আবশ্যক কভারেজ নেই। আমাদের কভারেজ পরিবার প্রকার কি?**

   কভারেজ পরিবার প্রকার মাসের প্রথম দিনে আপনার স্থিতির ওপর নির্ভর করে।

   ফেব্রুয়ারি থেকে জুলাই মাস পর্যন্ত, আপনি এবং আপনার গার্হস্থ্য সঙ্গীর "ব্যক্তিগত" কভারেজ পরিবার প্রকার আছে। অগাস্ট এবং তারপর থেকে আপনার কভারেজ পরিবার প্রকার "দম্পতি" হয়ে যাবে। যেহেতু গার্হস্থ্য অংশীদারিত্ব একটি কর ফাইলিং স্থিতি নয় এবং আপনি এবং আপনার সঙ্গী পৃথক কর পরিবারে থাকার কারণে পৃথক কভারেজ পরিবার হিসেবে বিবেচনা করা হয়। আপনারা দুজনই SLCSP চার্টে "ব্যক্তিগত" কলাম রেফার করবেন।

3. **আমি এবং আমার স্বামী-স্ত্রী মার্চ 2022-এ স্বাস্থ্য প্ল্যানে নথিভুক্ত হয়েছিলাম এবং সেপ্টেম্বর 2022-এ আমাদের বিবাহ বিচ্ছেদ হয়। আমাদের মধ্যে কারোরই ন্যূনতম আবশ্যক কভারেজ নেই। আমাদের কভারেজ ফ্যামিলি প্রকার কি?**

   যদি আপনি বিবাহ বিচ্ছেদ করেন এবং আপনার বীমা পলিসি থেকে আপনার স্বামী-স্ত্রীকে অপসারিত করেন তাহলে আপনার প্রাক্তন স্বামী-স্ত্রী আপনার পলিসিতে না থাকার মাস থেকে আপনার কভারেজ পরিবার প্রকার পরিবর্তিত হয়ে যাবে। উদাহরণস্বরূপ, যদি আপনার স্বামী- স্ত্রী আপনার স্বাস্থ্য প্ল্যানে

থাকার শেষ মাস সেপ্টেম্বর হয় তাহলে মার্চ থেকে সেপ্টেম্বর পর্যন্ত আপনার কভারেজ পরিবার প্রকার "দম্পতি" থাকবে। অক্টোবর থেকে আপনার কভারেজ পরিবার প্রকার "ব্যক্তিগত" হয়ে যাবে।

যদি আপনি বিবাহ বিচ্ছেদ করেন এবং আপনার বীমা পলিসি থেকে আপনার স্বামী-স্ত্রীকে অপসারিত না করেন তাহলে অনুগ্রহ করে নির্দেশাবলীর জন্য ফর্ম 8962 দেখুন। যদি আপনার আয় অথবা অন্যান্য পরিস্থিতিতে কোনও রকমের পরিবর্তন হয় তাহলে সারা বছর ধরে আপনার NY স্টেট অফ হেল্থ অ্যাকাউন্ট আপডেট করা নিশ্চিত করার কথা মনে রাখবেন।

4. আমার স্বামী-স্ত্রী এবং আমি মার্চ 2022-এ স্বাস্থ্য প্ল্যানে নথিভুক্ত হয়েছিলাম। অগাস্ট 2022-এ আমাদের সন্তান হয় এবং সেই মাসে আমাদের স্বাস্থ্য প্ল্যানে আমরা সন্তানকে যোগ করি। আমাদের মধ্যে কারোরই ন্যূনতম আবশ্যক কভারেজ নেই। আমাদের কভারেজ পরিবার প্রকার কি?

যে মাসের জন্য কেবল আপনি এবং আপনার স্বামী-স্ত্রী নথিভুক্ত ছিলেন, আপনার কভারেজের প্রকার "দম্পতি" হবে। যে মাসের জন্য আপনারা তিনজন কভারেজের জন্য নথিভুক্ত ছিলেন আপনার কভারেজ পরিবার প্রকার "দম্পতি + বাচ্চা(সমূহ)" হয়ে যাবে। এই উদাহরণে মার্চ থেকে জুলাই মাস পর্যন্ত আপনার কভারেজ পরিবার প্রকার "দম্পতি" থাকবে এবং অগাস্ট এবং তারপর থেকে এটি "দম্পতি + বাচ্চা(সমূহ)"-এ পরিবর্তিত হয়ে যাবে।

যদি আপনার বাচ্চার সেপ্টেম্বর পর্যন্ত কোনও কভারেজ না থাকে তাহলে সেপ্টেম্বর পর্যন্ত আপনার কভারেজ পরিবার প্রকার পরিবর্তিত হবে না।

5. আমার, আর্থিক সহায়তা ছাড়া NY State of Health এর মাধ্যমে 2022 এর শু শুধুমাত্র শিশু qualified health plan জন্য যোগ্য স্বাস্থ্য পরিকল্পনায় তালিকাভুক্ত চারটি সন্তান আছে। তাদের কাছে অন্যান্য ন্যূনতা আবশ্যক কভারেজ নেই। এই পরিবারের অন্য কোনও সদস্য NY State of Health থে নথিভুক্ত নয়। আমার SLCSP নির্ধারণের জন্য আমাকে কোন কলমটি ব্যবহার করতে হবে?

"শুধুমাত্র শিশু"-র মাসিক প্রিমিয়ামের পরিমাণটি হল এমন প্রতিটি বাচ্চার খরচ যেসকল বাচ্চাদের বয়স এখনো 21 হয়নি। যদি আচ্ছাদিত পরিবারটিতে একাধিক শিশু থাকে, তাহলে শুধুমাত্র শিশু-র মাসিক প্রিমিয়ামের রাশিটিকে পরিবারটিতে থাকা শিশুর সংখ্যা দিয়ে গুণ করুন।

উদাহরণস্বরূপ, যদি আপনার পরিবারটিতে 4টি শিশু থাকে, তাহলে SLCSP এর মূল্য নিরূপণের জন্য, প্রিমিয়ামের রাশিটিকে 4 দিয়ে গুণ করুন।

6. আমার পরিবারে কেবল আমিই ফেব্রুয়ারি 2022-এ NY State of Health-এর মাধ্যমে স্বাস্থ্য প্ল্যানে নথিভুক্ত হয়েছি এবং আমার অন্যান্য কোনও ন্যূনতম আবশ্যক কভারেজ নেই। জুলাই 2022-এ আমি Albany কাউন্টি থেকে Franklin কাউন্টিতে স্থানান্তর করেছি। আমি কিভাবে সঠিক মাসিক SLCSP প্রিমিয়ামের সন্ধান পাব?

কভারেজ পরিবার প্রকার মাসের প্রথম দিনে আপনি কোথায় বসবাস করেছিলেন তার ওপর নির্ভর এবং তাই SLCSP প্রিমিয়াম আপনার স্থানান্তরের পর পরিবর্তিত হয়ে যাবে। প্রথমে, ব্যক্তিগত কভারেজ পরিবার প্রকারের জন্য SLCSP প্রিমিয়াম দেখুন। তারপর ফেব্রুয়ারি থেকে জুলাই মাস পর্যন্ত Albany কাউন্টির জন্য SLCSP প্রিমিয়াম দেখুন। অগাস্ট এবং তার পরের মাস থেকে, Franklin কাউন্টি থেকে SLCSP প্রিমিয়াম ব্যবহার করুন।

6. **আমার স্বামী-স্ত্রী, আমাদের দুটি বাচ্চা, এবং আমি NY State of Health-এর মাধ্যমে স্বাস্থ্য প্ল্যানে নথিভুক্ত হয়েছি। আমার স্বামী-স্ত্রী এবং আমি Dutchess কাউন্টিতে থাকি। আমাদের বাচ্চারা Hamilton কাউন্টিতে কলেজে যায়। আমাদের SLCSP প্রিমিয়ামের জন্য আমরা কোন কাউন্টি দেখবো?**

   যদি প্রাথমিক কর ফাইলার নথিভুক্ত থাকে তাহলে আপনার প্রাথমিক কর ফাইলারের কাউন্টির জন্য SLCSP ব্যবহার করা উচিত। এই পরিস্থিতিতে, পিতা-মাতাকে প্রাথমিক কর ফাইলার হিসেবে বিবেচনা করে তাদের Dutchess কাউন্টির জন্য SLCSP প্রিমিয়াম ব্যবহার করা উচিত।

7. **আমাদের দুটি বাচ্চা NY State of Health-এর মাধ্যমে স্বাস্থ্য প্ল্যানে নথিভুক্ত রয়েছে, কিন্তু আমি নই। আমি Dutchess কাউন্টিতে থাকি এবং আমার বাচ্চারা Hamilton কাউন্টিতে কলেজে যায়। তাদের SLCSP প্রিমিয়ামের জন্য আমার কোন কাউন্টি ব্যবহার করা উচিত?**

   এই রকম একটি পরিস্থিতিতে যেখানে একজন প্রাথমিক কর ফাইলার (পিতা-মাতা) স্বাস্থ্য প্লানে নথিভুক্ত নয়, সেক্ষেত্রে SLCSP হলো প্রাথমিক সাবস্ক্রাইবারের আবাসনের ঠিকানা। এই পরিস্থিতিতে SLCSP প্রিমিয়াম সেই কাউন্টির জন্য প্রিমিয়াম হবে যেটি বাচ্চারা প্রত্যেক মাসে তাদের প্রাথমিক আবাসিক ঠিকানা হিসেবে ব্যবহার করে।

8. **আমার স্বামী-স্ত্রী এবং আমি জানুয়ারি মাসে আর্থিক সহায়তা ছাড়া NY State of Health-এর মাধ্যমে স্বাস্থ্য প্ল্যানে নতিভুক্ত হয়েছি। জুন-এ আমার স্বামী-স্ত্রী Medicare ভাগ A পেয়েছ কিন্তু - NY State of Health রেখে দিয়েছে। আমাদের কভারেজ পরিবার প্রকার কি?**

   যে মাসের জন্য আপনারা দুজনে NY State of Health plan-এ নথিভুক্ত ছিলেন এবং আপনার ও আপনার স্বামী-স্ত্রীর কারোরই Medicare ছিল না, যা অন্যান্য ন্যূনতম আবশ্যক কভারেজ, আপনার কভারেজ পরিবার প্রকার "দম্পতি" হবে।

   যে মাসের জন্য আপনারা দুজনে NY State of Health plan-এ নথিভুক্ত ছিলেন এবং আপনার স্বামী-স্ত্রীর "Medicare ভাগ A" থাকলে, আপনার কভারেজ পরিবার প্রকার "ব্যক্তিগত" হবে কারণ Medicare ভাগ A-কে ন্যূনতম আবশ্যক কভারেজ হিসেবে বিবেচনা করা হয়।

9. **আমার নিয়োগকর্তার থেকে আমার স্বামী-স্ত্রী এবং আমি স্বাস্থ্য বীমা কভারেজ অস্বীকার করেছি এবং NY State of Health-এর মাধ্যমে স্বাস্থ্য প্ল্যানে নথিভুক্ত হয়েছি। আমাদের কভারেজ পরিবার প্রকার কি?**

   এই পরিস্থিতিতে আপনার কভারেজ পরিবার প্রকার নিয়োগকর্তা স্পন্সর্ড বীমা (Employer Sponsored Insurance, ESI) সাধ্যাকূল ছিল কিনা এবং এটি ন্যূনতম মূল্য প্রদান করেছে কিনা তার ওপর নির্ভর করে। যদি ESI সাধ্যানুকূল না হয় অথবা ন্যূনতম মূল্য প্রদান না করে, আপনার কভারেজ পরিবার প্রকার দম্পতি হবে। যদি আপনার ESI সাধ্যানুকূল হয় অথবা ন্যূনতম মূল্য প্রদান করে, তাহলে আপনি প্রিমিয়াম ট্যাক্স ক্রেডিট-এর জন্য যোগ্য নন।

   আপনার কভারেজ সাধ্যানুকূল ছিল কিনা অথবা ন্যূনতম মূল্য প্রদান করেছে কিনা তা নির্ধারণ করার জন্য অনুগ্রহ করে আপনার ট্যাক্স অ্যাডভাইজারের পরামর্শ নিন এবং প্রিমিয়াম ট্যাক্স ক্রেডিটের ওপর IR থেকে প্রশ্ন 8 এবং 9 পর্যবেক্ষণ করুন: http://www.irs.gov/Affordable-Care-Act/Individuals-and-Families/Questionsand-Answers-on-the-Premium-Tax-Credit

10. আমার স্বামী-স্ত্রী এবং আমি আমাদের বাচ্চাকে নির্ভরশীল হিসেবে দাবি করি। আমরা সবাই NY State of Health-এর পৃথক স্বাস্থ্য প্ল্যানে নথিভুক্ত আছি। আমাদের কভারেজ পরিবার প্রকার কি?

আপনার কভারেজ পরিবার প্রকার হলো "দম্পতি + বাচ্চা(সমূহ)।"

11. আমি NY State of Health-এর মাধ্যমে স্বাস্থ্য প্ল্যানে নথিভুক্ত আছি। আমার স্ত্রী Medicaid-এ নথিভুক্ত আছে। আমাদের কভারেজ ফ্যামিলি প্রকার কি?

আপনার কভারেজ পরিবার প্রকার হলো "ব্যক্তিগত।"

12. আমার গার্হস্থ্য সঙ্গী এবং আমার কেন পৃথক কভারেজের পরিবার কভারেজ আছে?

যেহেতু গার্হস্থ্য অংশীদারিত্ব একটি কর ফাইলিং অবস্থান নয় তাই আপনি এবং আপনার সঙ্গী পৃথক কর পরিবারে আছেন এবং পৃথক কভারেজ পরিবার হিসেবে বিবেচনা করা হয়। আপনারা দুজনই SLCSP চার্টে "ব্যক্তিগত" কলাম রেফার করবেন।

13. আমাকে আমার SLCSP প্রিমিয়াম চিহ্নিত করার জন্য মাসিক SLCSP টেবিল ব্যবহার করতে হবে। আমার পলিসির অধীনে কারা কভার্ড ছিল তা আমি জানি কিন্তু এর মধ্যে কোন ব্যক্তিরা আমার কর পরিবারে আছে তা আমি জানি না।

আপনার কভারেজ পরিবারে কারা আছে তা নির্ধারণ করার জন্য আপনাকে প্রথমে আপনার নিজের কর পরিবার নির্ধারণ করতে হবে। IRS ফর্ম 8962-এর জন্য নির্দেশাবলীতে "কর পরিবার" বর্ণনা করে। আপনার কর পরিবারে আর কে আছে সেই সম্পর্কে আপনার আর কোনও প্রশ্ন থাকলে অনুগ্রহ করে www.irs.gov -এ যান অথবা আপনার ট্যাক্স অ্যাডভাইজারের পরামর্শ নিন।

14. যদি আমাদের বাচ্চা সহ আমার স্বামী-স্ত্রী এবং আমি প্ল্যানে নথিভুক্ত থাকি তাহলে আমরা কিভাবে জানব যে আমাদেরকে "26 বছরের কম বয়সী নির্ভারশীল বাচ্চার"-এর অধীনে তালিকাভুক্ত প্রিমিয়াম অথবা "26-29 বছরের কম বয়সী নির্ভারশীল বাচ্চার"-এর অধীনে তালিকাভুক্ত প্রিমিয়াম পরিমাণ ব্যবহার করতে হবে?

যদি আপনার কর নির্ভরশীল বাচ্চার বয়স 26-এর কম হয় তাহলে "26 বছরের কম নির্ভরশীল বাচ্চা"-এর অধীনে পরিমাণ ব্যবহার করুন যদি আপনার কর নির্ভরশীল বাচ্চার বয়স 26 থেকে 29-এর কম হয় তাহলে "26-29 বছরের কম নির্ভরশীল বাচ্চা"-এর পরিমাণ ব্যবহার করুন।